



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

১। আবহাওয়াবিজ্ঞান বিভাগ

| | | |
|---|-----------|--|
| উচ্চমান সহকারী-কাম কম্পিউটার অপারেটর টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১ (এক) টি | (ক) প্রার্থীকে কমপক্ষে অনার্স/মাস্টার্স ডিগ্রীধারী হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। (খ) কম্পিউটার-এ MS Word, MS Excel, Powerpoint, Computer Networking, Graphics ইত্যাদি অপারেটিং এ দক্ষ হইতে হইবে। |
|---|-----------|--|

২। সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস

| | | |
|---|-----------|---|
| পাম্প ও জেনারেটর অপারেটর ঃ- টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১ (এক) টি | প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি/সমমান পাশসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে ৬ মাস মেয়াদী ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশ হইতে হইবে। প্রার্থীদের ৩ বৎসরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর বয়স কমপক্ষে ১৮(আঠার) বৎসর হইতে হইবে। |
|---|-----------|---|

৩। অর্থনীতি বিভাগ

| | | |
|---|---------|--|
| (ক) নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক ঃ- টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১(এক)টি | প্রার্থীকে কমপক্ষে স্নাতক/সমমান পাস হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |
| (খ) উচ্চমান সহকারী ঃ- টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১(এক)টি | প্রার্থীকে কমপক্ষে স্নাতক/সমমান পাসসহ ২ বৎসরের কাজের যথাযথ অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |

৪। ফিন্যান্স বিভাগ

| | | |
|--|-----------|--|
| উচ্চমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১ (এক) টি | প্রার্থীকে কমপক্ষে স্নাতক/সমমান পাসসহ ২ বৎসরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |
|--|-----------|--|

৫। প্রধান প্রকৌশলীর দপ্তর

| | | |
|--|-----------|--|
| ক) লিফটম্যান টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১ (এক) টি | প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি পাস হইতে হইবে। প্রার্থীকে সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে ৬(ছয়) মাস মেয়াদী মেকানিক্যাল ট্রেড কোর্স পাশসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
|--|-----------|--|

আবেদনকারীদেরকে অবশ্যই আবেদনপত্রে তাহাদের শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন/উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনকৃতান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ২১-০৯-২০১৬ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র আবহাওয়াবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর পরিচালকের অফিসে, ক্রমিক-৩ এর আবেদনপত্র অর্থনীতি বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-৪ এর আবেদনপত্র ফিন্যান্স বিভাগের চেয়ারম্যান-এর অফিসে এবং ক্রমিক-৫ এর আবেদনপত্র প্রধান প্রকৌশলীর দপ্তরে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।

ক্রমিক-১
২১/৯/১৬

২১/৯/১৬